# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৯৪

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ নির্লোভ অবস্থায় না চাওয়াতেই কোন কিছু প্রদান করা হলে তা গ্রহণ করাতে কোন দোষ নেই

## ذِكْرُ الْبَيَانِ بِأَنْ لَا حَرَجَ عَلَى الْمَرْءِ فِي أَخْذِ مَا أُعْطِيَ مِنْ غَيْرِ مَسْأَلَةٍ وَلَا إِشْرَافِ نَفْسٍ

আরবী

3394 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنَا عَمْرُو بْنُ الْحَارِثِ أَنَّ بَكْرَ بْنَ سَوَادَةَ حَدَّثَهُ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ يَزِيدَ الْمَعَافِرِيَّ حَدَّثَهُ: عَنْ قَبِيصَةَ بْنِ ذُؤَيْبٍ: أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ أَعْطَى ابْنَ السَّعْدِيِّ أَلْفَ دِينَارٍ فَأَبَى أَنْ يَقْبَلَهَا وَقَالَ: أَنَا عَنْهَا غَنِيٌّ فَقَالَ لَهُ عُمَرُ: إِنِّي قَائِلٌ لَكَ مَا قَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا سَاقَ اللَّهُ إِلَيْكَ رِزْقًا مِنْ غَيْرِ مَسْأَلَةٍ وَلَا إشراف نفس فَخُذْهُ فإن الله أعطاكه)

الراوي : قَبِيصَة بْن ذُؤَيْبٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3394 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1453).

বাংলা

৩৩৯৪. কাবীসা বিন যুআইব (রহ.) থেকে বর্ণিত, তিনি বলেন, “নিশ্চয়ই উমার বিন খাত্তাব রাদ্বিয়াল্লাহু আনহু ইবনুস সা‘দীকে অনুদান হিসেবে এক হাজার স্বর্ণমুদ্রা প্রদান করেন। কিন্তু তিনি তা গ্রহণ করতে অস্বীকৃতি প্রদান করেন এবং বলেন, “আমার এর কোন প্রয়োজন নেই।” তখন উমার রাদ্বিয়াল্লাহু আনহু তাকে বলেন, “আমি তোমাকে তা-ই বলবো, যা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বলেছিলেন, তিনি আমাকে বলেছিলেন, “যখন আল্লাহ তোমার কাছে কোন জীবিকা পাঠাবেন, যা তুমি চাওনি এবং এই ব্যাপারে তোমার কোন লোভ না থাকে, তবে তা গ্রহণ করবে। কেননা আল্লাহই এটি তোমাকে প্রদান করেছেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আবূ ইয়ালা: ৯২৫; মুসনাদ আহমাদ: ৪/৩২০-৩২১; হাকিম: ২/৬২; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ৩/১০০।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ ১৪৫৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ কাবীসা ইবন যুআয়ব (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92728

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন